

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 24-10-2024  
Time: 07:55-08:05 PM Hrs  
BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ ধলাই জেলার আমবাসা টাউন হলে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের সপ্তম পর্বের উদ্বোধন করেন।
- (২) কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক রাষ্ট্রমন্ত্রী অজয় তামতা বলেছেন, সবকা সাথ সবকা বিকাশ সবকা বিশ্বাস এই ভাব ধারায় ত্রিপুরাতেও উন্নয়নের কাজ চলছে।
- (৩) অর্থনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটি আজ ৬,৭৯৮ কোটি টাকা আনুমানিক ব্যয় সহ দুটি রেল প্রকল্প অনুমোদন করেছে।
- (৪) সিনিয়র মহিলাদের জাতীয় ফুটবলের আসরে জি গ্রুপে সেরা হলো সিকিম।

\*\*\*\*\*

**CM-MSSSKA :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ ধলাই জেলার আমবাসা টাউন হলে মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের সপ্তম পর্বের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী বলেন স্বাস্থ্য ঠিক না থাকলে শিশুর স্বাভাবিক বিকাশ ব্যাহত হবে। স্বাস্থ্য ঠিক থাকলে কিশোর কিশোরীদের পঠনপাঠন সঠিকভাবে হবে। মুখ্যমন্ত্রী বলেন ছাত্রিছাত্রীরা হচ্ছে দেশ ও রাজ্যের ভবিষ্যৎ। তাদের সুস্থ সবল রাখতে সরকার সর্বদা সচেষ্ট। তিনি বলেন রাজ্য এখন কিডনি প্রতিস্থাপন থেকে শুরু করে সবরকম উন্নত মানের চিকিৎসা

পরিষেবার ব্যবস্থা রয়েছে। ফলে রাজ্যের মানুষকে এখন আর স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ে কোনো দুশ্চিন্তা করতে হয়না। মুখ্যমন্ত্রী বলেন ধলাই জেলা একটি উন্নয়ন প্রত্যাশী জেলা, তাই ধলাই জেলার সার্বিক বিকাশে বাজেটে প্রতি বছর ১০ থেকে ১৫ শতাংশ অর্থ বেশি দেওয়া হয়। আজকের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধলাই জিলা পরিষদের সভাধিপতি সুস্মিতা দাস, বিধায়ক চিন্তরঞ্জন দেববর্মা, আমবাসা বিএসির চেয়ারম্যান পরিমল দেববর্মা, স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্তে, জেলাশাসক সাজু বাহিদ এ, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা ডা. সঞ্জীব কুমার দেববর্মা, জেলা পুলিশ সুপার অবিনাশ রাই, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস, জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা ড. সমিত রায় চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমবাসা পুরপরিষদের চেয়ারপার্সন গোপাল সূত্রধর। স্বাগত ভাষণ দেন মুখ্য স্বাস্থ্য আধিকারিক ড. অ্যাপেলো কলই।

উল্লেখ্য এই বছর মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কিশোর অভিযানের আওতায় ১১লক্ষ ৩৬ হাজার শিশু এবং কিশোর কিশোরীকে আনা হবে। এই অভিযানে সদ্যোজাত থেকে ১৯ বছর বয়সী শিশু-কিশোরদের সুস্বাস্থ্য ১০০% সুনিশ্চিত করতে কৃমিনাশক ওষধ, আয়রণ ও ফলিক এসিড পরিপূরক, ভিটামিন এ ট্যাবলেট প্রদান, টিটেনাস ও ডিপথেরিয়া টিকাকরণ সহ প্রায় ১২টি স্বাস্থ্য পরিষেবা দেয়া হবে।

\*\*\*\*\*

#### **Central Minister Press Meet :**

কেন্দ্রীয় পরিবহন সড়ক ও মহাসড়ক রাষ্ট্রমন্ত্রী অজয় তামতা জানিয়েছেন, ত্রিপুরায় ৬টি জাতীয় সড়কেও উন্নয়নে ১২ হাজার কোটি টাকার ও বেশি খরচ হবে। এই সড়কের মোট দৈর্ঘ্য ৬৮৪ কিলোমিটার। ইতিমধ্যে এই জাতীয় সড়কগুলির ১৪টি প্রকল্পের কাজ শেষ হয়েছে। যেখানে খরচ হয়েছে ৪ হাজার ২৭১ কোটি টাকা। আরো ১৫টি প্রকল্পের কাজ চলছে। তিনি আজ রাজ্য অতিথিশালায় সাংবাদিক সম্মেলনে এই তথ্য জানান। তিনি জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবকা সাথ সবকা বিকাশ সবকা

বিশ্বাস এই ভাব ধারায় ত্রিপুরাতেও উন্নয়ন কাজ চলছে। আগরতলায় বিমান সড়ক জলপথ রেলপথ সংযোগে আসামের যোগীঘোপার অনুকরনে একটি লজিস্টিক পার্ক গড়ে তোলা হবে বলে তিনি জানান। আগরতলা শহরকে এড়িয়ে অন্যান্য জেলায় যাতায়াতের জন্য আগরতলায় একটি রিং রোড গড়ার কথাও তিনি জানান। এছাড়া আগরতলা আমতলী থেকে লেন্সুছড়া পর্যন্ত বাইপাস নির্মানের কথাও তিনি জানান। তিনি আজ মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সড়ক ব্যবস্থা নিয়ে বৈঠকের কথা জানান। তিনি বলেন সাম্প্রতিক প্রবল বর্ষণে রাজ্যের বিভিন্ন সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে। এনিয়েও আলোচনা হয়েছে। উল্লেখ্য তিনিদিনের সফরে গতকাল তিনি ত্রিপুরায় আসেন।

\*\*\*\*\*

#### **Ajoy Tamta :**

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক রাষ্ট্রমন্ত্রী অজয় তামতা আজ খোয়াই জেলা কার্যালয়ে একটি পর্যালোচনা বৈঠকে যোগদান করেন। বৈঠকে উপস্থিত ছিলেন খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দন, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, দুই মহকুমার মহকুমা শাসক, বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিক এবং এন-এইচ-আই-ডি-সি-এলের উচ্চপদস্থ আধিকারিকরা। বৈঠকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ প্রকল্পের বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে মন্ত্রী খোঁজখবর নেন। পরে আকাশবাণীকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, সরকারের গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি নিয়ে বিস্তৃত আলোচনা হয়েছে। তিনি বলেন বিকশিত ভারত সংকল্প যাত্রার মাধ্যমে ব্লক গুলিতে যে লক্ষ্য মাত্রা রাখা হয়েছিল সেগুলি কতটা পূরণ হয়েছে তার পর্যালোচনা করা হয় এই বৈঠকে। তিনি আরোও বলেন, পিছিয়ে পড়া ব্লকগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বিভিন্ন দুর্বলতা গুলি অতি দ্রুত দূরীকরণের নির্দেশ দেওয়া হয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী তামতা আজ খোয়াই-এ পদ্মবিল ব্লকে এবং পঞ্চায়েত রিসোর্স সেন্টার এবং বিএসি'র কনফারেন্স হলে উদ্বোধন করেন। তিনি পদ্মবিল ব্লক এলাকার স্ব-সহায়ক দলের মহিলাদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন।

তিনি পদ্মবিল বাজারে একটি গ্রন্থাগারের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দেববর্মা, খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রান। এরপর কেন্দ্রীয় তিনি পদ্মবিল ব্লকের উপেক্ষ নগরে ২০৮ বি জাতীয় সড়কটি পরিদর্শন করেন।

\*\*\*\*\*

#### **MSSSKA-Unakoti :**

উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ আজ কুমারঘাটে উনকোটি জেলা ভিত্তিক মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের সপ্তম পর্বের সূচনা করেন। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, এটি সুস্থাস্থের জন্য এক গুরুত্বপূর্ণ অভিযান। বালিকা বিবাহ রোধে এবং অল্লবংসে গর্ভাবস্থা প্রতিরোধে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির উপর তিনি গুরুত্বারোপ করেন। বক্তব্য রাখেন, জিলা পরিষদের সহকারী সভাধিপতি সন্তোষ ধর, কুমারঘাটের S.D.M এন, এস, চাকমা, জেলার ভারপ্রাপ্ত C.M.O ডাঃ শঙ্খশুভ্র দেবনাথ প্রমুখ। সভাপতিত্ব করেন, কুমারঘাট পুর পরিষদের চেয়ারম্যান বিশ্বজিৎ দাস। এখানে কয়েকজন শিশুকে কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো হয়। বিতরণ করা হয়, জিন্স ট্যাবলেট ও ORS এর প্যাকেট ইত্যাদি।

\*\*\*\*\*

#### **MSSSKA-South Tripura :**

সমবায় ও সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের মন্ত্রী শুল্কাচরণ নোয়াতিয়া আজ দক্ষিণ জেলায় মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের সপ্তম পর্বের সূচনা করেন। বিলোনিয়ায় দক্ষিণ জেলার জেলা শাসকের অফিসের কনফারেন্স হলে আয়োজিত উদ্বোধনী

অনুষ্ঠানে বিধায়ক প্রমোদ রিয়াং, দক্ষিণ জেলার জিলা সভাধিপতি দীপক দত্ত, জেলাশাসক স্মিতা মল এম এস প্রমুখ উপস্থিতি ছিলেন। দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য অধিকারিক ডাঃ সুব্রত দাস আকাশবাণীকে জানান, ৬ই নভেম্বর পর্যন্ত দুই দফায় হবে এই অভিযান। প্রথম দফায় আজ থেকে ৩০শে অক্টোবর পর্যন্ত জেলার সমস্ত স্কুল, অঙ্গনওয়াড়ি কেন্দ্র এবং কলেজগুলিতে হবে এই অভিযান। দ্বিতীয় দফায় ৩১শে অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত আশা ও অঙ্গনওয়াড়ি কর্মীরা বাড়ি বাড়ি গিয়ে এই অভিযান সংগঠিত করবেন। এছাড়াও ইটভাট্টা, চা বাগানগুলিতে আশা কর্মী, অঙ্গনওয়াড়ি কর্মী, সি এইচ ও এবং এম পি ডল্লিউরা এই অভিযান করবেন। অভিযানকালে কিশোরী বিবাহ এবং গর্ভাবস্থা প্রতিরোধ, শিশুর ৬ মাস বয়স পর্যন্ত শুধুমাত্র মাতৃদুর্ঘ পানের উপকারিতা ইত্যাদি বিষয়ে জেলাজুড়ে গ্রাম সভা এবং সামাজিক সচেতনতা শিবির করা হবে বলেও জানান তিনি।

\*\*\*\*\*

#### **MSSSKA-Sepahijala :**

সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত আজ সিপাহীজলা জেলায় সপ্তম পর্যায়ের মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযানের সূচনা করেন। এই উপলক্ষে বিশ্রামগঞ্জস্থিত সিপাহীজলা জেলা স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ের কনফারেন্স হলে উদ্বোধনী অনুষ্ঠানে জিলা সভাধিপতি বলেন গর্ভবতী মহিলা সহ শিশু, কিশোর-কিশোরীদের সুস্থ রাখতে রাজ্যে নানা ধরনের প্রকল্প চালু আছে। তার মধ্যে অন্যতম এই মুখ্যমন্ত্রী সুস্থ শৈশব সুস্থ কৈশোর অভিযান। ১৪ দিনের এই অভিযানে থাকবে পোষণ অভিযান ও বিভিন্ন সচেতনতামূলক কর্মসূচি। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিতি ছিলেন জেলাশাসক ডক্টর সির্দ্ধার্থ শিব জয়সওয়াল, জেলা স্বাস্থ্য আধিকারিক ডক্টর দেবাশীষ দাস প্রমুখ।

\*\*\*\*\*

### **Rail project :**

অর্থনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটি আজ ঘোষাযোগ বৃদ্ধি, প্রমণের সুবিধা এবং পরিবহন খরচ কমানোর জন্য ৬,৭৯৮ কোটি টাকা আনুমানিক ব্যয় সহ দুটি রেল প্রকল্প অনুমোদন করেছে। প্রথম প্রকল্পের মধ্যে নারকাটিয়াগঞ্জ থেকে রাঞ্চোল, সীতামারহি এবং দরভাঙ্গা পর্যন্ত রেললাইন দ্বিগুণ করা, সেইসঙ্গে বিহারের ২৫৬ কিলোমিটার সীতামারহি-মুজাফফরপুর সেকশন অন্তর্ভুক্ত রয়েছে। এই প্রকল্পটি নেপাল, উত্তর-পূর্ব ভারত এবং সীমান্ত এলাকায় ঘোষাযোগকে শক্তিশালী করবে, পণ্য ট্রেনের পাশাপাশি যাত্রীবাহী ট্রেনের চলাচল সহজতর করবে এবং এর ফলে এই অঞ্চলের আর্থ-সামাজিক অবস্থার উন্নতি ঘটবে।

\*\*\*\*\*

### **Fund for space sector :**

কেন্দ্রীয় মন্ত্রিসভা মহাকাশ খাতে ১০০০ কোটি টাকার উদ্যোগ মূলধন তহবিল গঠনের অনুমোদন দিয়েছে। প্রস্তাবিত এই তহবিলের মেয়াদ তহবিলের কার্যক্রম শুরু হওয়ার প্রকৃত তারিখ থেকে পাঁচ বছর পর্যন্ত হওয়ার পরিকল্পনা করা হয়েছে। বিনিয়োগের সুযোগ এবং তহবিলের প্রয়োজনীয়তার উপর নির্ভর করে গড় অর্থের পরিমাণ প্রতি বছর ১৫০ থেকে ২৫০ কোটি টাকা হতে পারে। তহবিলটি কৌশলগতভাবে ভারতের মহাকাশ ক্ষেত্রকে এগিয়ে নেওয়ার জন্য তৈরি করা হয়েছে।

\*\*\*\*\*

### **Journalist- Chhattisgarh :**

ত্রিপুরার সমৃদ্ধ প্রাকৃতিক ও সাংস্কৃতিক ঐতিহ্য অন্বেষণ এবং উন্নয়ন প্রক্রিয়ার গতি প্রকৃতি দেখার ও জানার উদ্দেশ্যে ছত্তিশগড় থেকে ১৪ জন সাংবাদিকের একটি দল প্রেস ইনফরমেশন ব্যৱোর ব্যবস্থাপনায় রাজ্য সফর করছেন। আগামী রবিবার পর্যন্ত সফরকালে এই মিডিয়া দলটি রাজ্যের বিভিন্ন প্রজেক্ট ও

ঁতিহ্যবাহী স্থান পরিদর্শন করবেন। ছত্রিশগড় থেকে আগত সাংবাদিকরা ইতিমধ্যে আগরতলা ও সিপাহিজলা জেলার শ্রীমন্তপুরের ইন্টিগ্রেটেড চেক পোস্ট পরিদর্শন করেন। সেখানে আইসিপি এবং বিএসএফ আধিকারিকদের সঙ্গে কথা বলেন। আজ সন্ধিয়ায় তারা আগরতলায় রাজ্যবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাৎকারে মিলিত হন। রাজ্যপাল তাদের কাছ থেকে ত্রিপুরা ভ্রমণের অভিজ্ঞতা শুনেন। তিনি বলেন, ত্রিপুরা অত্যন্ত শান্তিপূর্ণ রাজ্য। শিক্ষা, স্বাস্থ্য ও পর্যটন ক্ষেত্রে ত্রিপুরায় হাব গড়ে ওঠার উজ্জ্বল সম্ভাবনা সম্পর্কেও রাজ্যপাল সাংবাদিকদের অবহিত করেন। তিনি বলেন, গোমতী নদী ঘিরে পর্যটনের বিপুল সম্ভাবনা রয়েছে। ত্রিপুরায় রাবার বাশ আগর কাঠ শিল্পের বিশেষ খ্যাতি সম্পর্কে বিশদ উল্লেখ করেন রাজ্যপাল। রাজ্যের ১৯টি জনজাতিগোষ্ঠী এবং জুম চাষের বিশেষত্ব সম্পর্কেও তিনি সাংবাদিকদের অবহিত করেন।

\*\*\*\*\*

### **Rail :**

দীপাবলি এবং ছট পূজার উৎসবের মরসুমে যাত্রীদের ভিড় সামাল দিতে রেল মন্ত্রক সাত হাজার বিশেষ ট্রেন চালাচ্ছে। রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব নতুনদিল্লিতে বলেছেন যে এই বিশেষ ট্রেনগুলিতে প্রতিদিন প্রায় দুই লক্ষ অতিরিক্ত যাত্রী ভ্রমণ করতে পারবেন। তিনি বলেন, গত বছর চার হাজার পাঁচশ ট্রেনের জায়গায় এ বছর বিশেষ ট্রেনের সংখ্যা বেড়ে সাত হাজারে দাঁড়িয়েছে।

\*\*\*\*\*

### **DM West Tripura :**

হেজামারা ব্লকের পঞ্চায়েতগুলির বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে আজ হেজামারা ব্লকের পঞ্চায়েত রিসোর্স সেন্টারে পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা শাসক মেঘা জৈন। উপস্থিত ছিলেন হেজামারা

ବ୍ଲକେର ବିଡ଼ିଓ ଛାଡ଼ାଓ ବ୍ଲକ୍ ଏଲାକାର ପଞ୍ଚାୟେତଗୁଲିର ପ୍ରଧାନ ଓ ସଚିବରା। ଶ୍ରୀମତି ଜୈନ ବୈଠକେ ବ୍ଲକ୍ ଏଲାକାର ରାଜ୍ତା, ପାନୀୟ ଜଳ, ବିଦ୍ୟାଲୟ ଭବନ, ବେଗାର କାଜ ସହ ଅନ୍ୟାନ୍ୟ ବିଷୟର ଅଗ୍ରଗତି ସମ୍ପର୍କେ ଅବହିତ ହନ। ତିନି ଏଲାକାର ଉନ୍ନୟନେ ଗୁରୁତ୍ୱପୂର୍ଣ୍ଣ ପ୍ରକଳ୍ପଗୁଲି ଦ୍ରୁତ ବାସ୍ତବାୟନେର ନିର୍ଦ୍ଦେଶ ଦିଯେଛେ।

\*\*\*\*\*

#### **Krishak Front Deputation-South :**

ସାରା ଭାରତ କୃଷକସଭା, କ୍ଷେତ୍ରମଜୁର ଇଉନିଯନ ଓ ଉପଜାତି ଗନମୁକ୍ତି ପରିଷଦେର ପକ୍ଷ ଥିଲେ ୧୩ ଦଫା ଦାବିତେ ଆଜ ବିଲୋନୀୟା ମହକୁମାର ଭାରତ ଚନ୍ଦ୍ର ବ୍ଲକେର ବିଡ଼ିଓ କାବେରୀ ନାଥେର କାହେ ଡେପୁଟେଶନ ପ୍ରଦାନ କରା ହୟ। ଉଲ୍ଲେଖ୍ୟେ ଦାବିଗୁଲି ହଲ ବନ୍ୟାଦୁର୍ଗତ କୃଷକଦେର ପ୍ରଧାନମନ୍ତ୍ରୀ ଫ୍ରେଂଚ ବୀମା ଯୋଜନାଯ ଅତିସତ୍ତର ଆର୍ଥିକ ସହାୟତା ପ୍ରଦାନ, ସମ୍ମତ ରକମେର କୃଷି ଧରଣ ମୁକୁବ ଓ କୃଷକଦେର ଜନ୍ୟ ସୁଦ୍ଧାନ୍ତିରି ଧରି ବ୍ୟବସ୍ଥା କରା। ବ୍ଲକ୍ ଅଫିସେର ସାମନେ ଆୟୋଜିତ ସଭାଯ ବନ୍ଦବ୍ୟ ରାଖେନ ରାଜ୍ୟ ବାମଫଳନ୍ତେର ଆହ୍ଲାୟକ ନାରାୟଣ କର, ସାରା ଭାରତ କୃଷି ଶ୍ରମିକ ଇଉନିଯନେର କେନ୍ଦ୍ରୀୟ କମିଟିର ସଦସ୍ୟ ବିଧାୟକ ଦୀପକ୍ଷର ସେନ, ସିପିଆଇୟମ ବିଲୋନୀୟା ମହକୁମା ସମ୍ପାଦକ ତାପସ ଦତ୍ତ ପ୍ରମୁଖ।

\*\*\*\*\*

#### **Women's Football :**

ସିନିଯର ମହିଳାଦେର ଜାତୀୟ ଫୁଟବଲେର ଆସରେ ଜି ଗ୍ରହପେ ସେରା ହଲୋ ସିକିମ। ଆଜ ଆସରେର ଶେଷ ଦୁଟି ମ୍ୟାଚ ହୟ। ଏତେ ଉମାକାନ୍ତ ମିନି ସ୍ଟେଡ଼ିଆମେ ସକାଲେର ଖେଳାୟ ସିକିମ ୭-୦ ଗୋଲେ ଚନ୍ଦିଗଢ଼କେ ହାରିଯେ ମୂଲପର୍ବେ ଖେଳାର ଯୋଗ୍ୟତା ପାଇଁ। ପରେ ବିକାଲେ ଏକଇ ମାଠେ ଅନୁଷ୍ଠିତ ଖେଳାୟ ଗୁଜରାଟ ୩-୦ ଗୋଲେ ତ୍ରିପୁରାକେ ପରାଜିତ କରେ। ଫଳେ ରାଜ୍ୟଦଲ ଗ୍ରହପେ ଲଡ଼ାଇ ଥିଲେ ଛିଟକେ ଘାୟ।

\*\*\*\*\*

#### **Ranji Trophy :**

ত্রিপুরার বিরুদ্ধে রঞ্জি ট্রফির চারদিনের খেলায় অংশ নিতে মুসাই দল আজ এম বি বি স্টেডিয়ামে অনুশীলন করে। মুসাই দলে রয়েছেন ভারতীয় দলের ক্রিকেটার আজিক্ষ রাহানে, শার্দুল ঠাকুর। আগামী ২৬ অক্টোবর থেকে এম বি বি স্টেডিয়াম চারদিনের ম্যাচটি শুরু হওয়ার কথা রয়েছে।

\*\*\*\*\*

#### **Weather :**

আবহাওয়া দপ্তরের সর্বশেষ তথ্যে জানা গেছে, ঘূর্ণিঝড় দানা এই মুহূর্তে পারাদ্বীপ থেকে ১৩০ কিলোমিটার, ধামরা থেকে ১৬০ কিলোমিটার দূরে ও সাগরদ্বীপ থেকে ২৩০ কিলোমিটার অবস্থান করছে। উত্তর পশ্চিম বঙ্গোপসাগর থেকে ঘন্টায় সর্বোচ্চ ১২৫ কিলোমিটার বেগে আজ মাঝরাত থেকে আগামীকাল ভোরের মধ্যে উড়িষ্যার ভিতরকণিকা ও ধামরা অঞ্চলে আছড়ে পড়বে। ত্রিপুরায় এর সরাসরি প্রভাব না পড়লেও রাজ্যের দক্ষিণ, সিপাহীজলা এবং পশ্চিম জেলার কিছু জায়গায় ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া অন্যান্য জেলাগুলিতেও বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাত হতে পারে। ঘূর্ণিঝড় দানার পরিপ্রেক্ষিতে আজ সন্ধ্যা ৬টা থেকে আগামীকাল সকাল ৯টা পর্যন্ত আগরতলা ও কলকাতার মধ্যে সমস্ত বিমান বাতিল করা হয়েছে। তবে আগরতলা থেকে দুরপাল্লার রেল চলাচল স্বাভাবিক রয়েছে।

এদিকে, পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডঃ বিশাল কুমার জানিয়েছেন, ঘূর্ণিঝড় দানার কারণে রাজ্যে উদ্বেগের কোন কারণ নেই। তবে দুর্যোগ মোকাবেলায় প্রশাসন প্রস্তুত রয়েছে।

\*\*\*\*\*